দৈনিক ইত্তেফাক

তারিখ ... JUN. 1 4 1999
পৃষ্ঠা ৪ কলাম ৩

105

## সরকারী মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগ প্রসংগে

সারাদেশে মোট তিনশতেরও বেশী সরকারী হাইস্কুল রহিয়াছে। বর্তমানে সরকারী হাইস্কুলগুলি নানাবিধ সমস্যায় জর্জরিত। তন্মধ্যে শিক্ষক সমস্যা অন্যতম। সরকারী হাইস্কুলগুলিতে শিক্ষক-শিক্ষিকার স্বল্পতার ফলে একদিকে অভিভাবকগণ তাহাদের সন্তানদেরকে সরকারী স্কুলে পড়াইতে আগ্রহ হারাইতেছেন। অন্যদিকে কোমলমতি ছাত্র-ছাত্রীদের পাঠদানও দারুণভাবে ব্যাহত হইতেছে। বর্তমান সরকারের আমলে সরকারী প্রাথমিক বিদ্যালয়গুলিতে বেশ কিছু সংখ্যক নূতন শিক্ষক-শিক্ষিকা নিয়োগের ফলে প্রাথমিক বিদ্যালয়গুলির শিক্ষক সংকট অনেকটা দূরীভূত হইয়াছে। তাই সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে ধন্যবাদ জানাই। কিন্তু দুঃখজনক হইলেও সত্য সরকারী মাধ্যমিক স্কুলগুলিতে নূতন শিক্ষক নিয়োগের কোন উদ্যোগ দেখা যাইতেছে না। ইতিপূর্বে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর কর্তৃক ৩০০ জন সহকারী শিক্ষক-শিক্ষিকা নিয়োগের বিজ্ঞপ্তি প্রদান করিয়া দীর্ঘ প্রায় দেড় বৎসর নিয়োগ কার্যক্রম প্রক্রিয়াধীন রাখিয়া ২১৯ জনকে চূড়ান্তভাবে নিয়োগদান করা হয়। তাহার পরে আর কোন শিক্ষক নিয়োগ করা হয় নাই। ফলে সরকারী মাধ্যমিক বিদ্যালয়সমূহে শিক্ষক সংকট রহিয়াই গিয়াছে। ইহা অভিভাবক মহলকে চিন্তিত করিয়া তুলিয়াছে।

তাই, সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বিভাগ সমীপে আবেদন, অচিরেই উক্ত ব্যাচের অবশিষ্ট শিক্ষক-শিক্ষিকার নিয়োগদানসহ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীদের মধ্য হইতে প্যানেল তৈয়ারির মাধ্যমে ক্রমান্বয়ে আরো অন্ততঃ ৫০০ নতুন শিক্ষক অচিরেই নিয়োগদান করিয়া সরকারী হাইস্কুলগুলির শিক্ষক সমস্যার সমাধান করা হউক।

মোঃ আজিজুর রহমান,
গ্রাম ঃ দত্তপাড়া, পোঃ মন্নুনগর,
টঙ্গী, গাজীপুর